কর্পোরেট এফেয়ার্স

...

সভাপতি	মোঃ মোকাব্বির হোসেন ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
সভার তারিখ	০৯/১২/২০২০
সভার সময়	সকাল ১০:০০ টা
স্থান	Zoom (online)
উপস্থিতি	সকল পরিচালক ও সমমর্যাদা, সকল মহাব্যবস্থাপক ও সমমর্যাদা, সকল উপ-মহাব্যবস্থাপক ও সমমর্যাদা, সকল ব্যবস্থাপক ও সমমর্যাদা, সকল কান্ট্রি ম্যানেজার, সকল জেলা ব্যবস্থাপক ও সকল স্টেশন ব্যবস্থাপক

সভাপতি সভায় সংযুক্ত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে পরিচালক প্রশাসন আলোচ্যসূচি উপস্থাপন করেন। প্রথমেই গত সভার কার্যবিবরণী পড়ে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর কার্যবিবরণীতে নতুন সংযুক্ত একনজরে বিমানের সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-এর নভেম্বর'২০ মাসের সার্বিক কার্যক্রম:

এক নজরে বিমান

প্রশাসন পরিদপ্তরঃ

জনবল

	অনুমোদিত পদ	কর্মরত (স্থায়ী)	শূণ্য পদ	ক্যাজুয়াল কর্মচারী	অবসর (PRL শুরু)
সংখ্যা	৫৪৬৮টি	৩৭৩৬ জন	১৭৩২টি	২৫৯৯ জন	১৩ জন

জারিকৃত আদেশ

	প্রশাসনিক আদেশ	অফিস আদেশ
সংখ্যা	৬টি	৮টি

অবকাঠামোগত উন্নয়ন:
বলাকা ভবনের ৩য় তলার প্রশাসন পরিদপ্তরের আধুনিক অবকাঠামোর স্থাপনের কাজ শেষ হয়েছে। ২য় তলায় আইটি বিভাগে ওয়ার্কস্টেশন তৈরি ও সংস্কারের কাজ প্রায় শেষ পর্যায়ে আছে। নিরীক্ষা বিভাগকে নীচতলা থেকে ৪র্থ তলায় স্থানান্তর করা হয়েছে। জনসংযোগ বিভাগের অফিসসমূহ নীচতলার পিছন থেকে সামনের অংশে স্থানান্তর করা হবে। গ্রাহক সেবা পরিদপ্তরের অফিসসমূহ বলাকা ভবনের নীচতলার পিছনের অংশে স্থানান্তর করা হবে।

যানবাহন বিভাগ

	সচল গাড়ি	অচল গাড়ি	নিলামযোগ্য গাড়ি / BER	রুট সংখ্যা	ভাড়া গাড়ি	বিমানের নিজস্ব গাড়ি	গাড়ি সার্ভিসিং	গাড়ি ওয়াশিং
সংখ্যা	১২০টি	১৯টি	৩১টি	৬৩টি	৩৮টি	১৫টি	৬২টি	২৯টি

এসব গাড়িতে বিমানে কর্মরতবিভিন্ন পর্যায়ের প্রায় ৩০০০ কর্মকর্তা/কর্মচারী অফিসে আসা যাওয়া করেন।

বিপনণ ও বিক্রয় পরিদপ্তর/সেন্ট্রাল কন্ট্রোল :

রুট সংখ্যা (সিডিউল ফ্লাইট)
অভ্যন্তরীণ:

	চট্টগ্রাম	সিলেট	সৈয়দপুর	কক্সবাজার	**মোট**
সংখ্যা	৯২	৬৮	১২	৫৫	**২২৭**

আন্তর্জাতিক:

	দুবাই	আবুধাবী	লন্ডন	ক্যান্টন	হংকং	কুয়ালালামপুর	দোহা	
সংখ্যা	৩২	১৭	০৯	০৮	১৩	০৮	০৯	
	মাস্কাট	জেদ্দা	রিয়াদ	সিংগাপুর	দাম্মাম	দিল্লী	কোলকাতা	**মোট**
সংখ্যা	১৭	১৮	১১	০৪	১৩	০৬	**০৩**	**১৬৮**

চার্টার ফ্লাইট পরিচালনা

ক্র:	গন্তব্য	সংখ্যা
০১	হংকং	০৫
০২	ব্যাংকক	০৮
০৩	ক্যান্টন	০৩
০৪	বাংগুই(ইউএন)	০৪
	মোট	**২০**

যাত্রী/কার্গো পরিবহন/হ্যান্ডলিং:

	যাত্রী পরিবহন(সিডিউল)	চার্টার ফ্লাইট	কার্গো পরিবহন/হ্যান্ডলিং		
			বিমান	অন্য এয়ারলাইন্স	
				রপ্তানী	আমদানী
নভেম্বর'২০	৮৩,৫২৪ জন(সিডিউল ও চার্টার)		২,৯৪৮ টন	১১,৮১৬ টন	১০,৭০৮ টন

ফ্লাইট অপারেশন্স পরিদপ্তরঃ

	মোট ককপিট ক্রু	ডিউটিরত	মন্তব্য
নভেম্বর'২০	১৪৬ জন	৯৯ জন	ট্রেইনি-২৮, ছুটি-৩, LWP-১৩, Non Active-৩

গ্রাহক সেবা পরিদপ্তরঃ

গ্রাউন্ড হ্যান্ডলিং

	হ্যান্ডলিং (নিজস্ব উড়োজাহাজ)	হ্যান্ডলিং (বিদেশি উড়োজাহাজ)
নভেম্বর'২০	৬২৭টি	৭৫০টি

ফ্লাইট সার্ভিস

	মোট কেবিন ক্রু	ছুটি/গ্রাউন্ডেড	ডিউটিরত

নভেম্বর’২০	৪৫৩ জন	৫৯ জন	৩৯৪ জন

বিএফসিসি (উৎপাদন ও সরবরাহ):

	মিল সরবরাহ (বিমান)	মিল সরবরাহ (বিদেশি এয়ারলাইন্স)
নভেম্বর’২০	৬৭,১৫৯ (মিল)	৪৩০ (মিল)

উড়োজাহাজ রক্ষণাবেক্ষণ (নভেম্বর’২০)-

Aircraft Type	Check/Maintenance	Total No.
D-8 Q400	Engine Change	01
B737-800	A- Check	02
	C-Check	01
	MLG Change	01
B777-300	A- Check	01
B787-8	A- Check	01
	Engine change	01

<u>কারিগরি সেবা প্রদান (নভেম্বর’২০)</u>

উড়োজাহাজ রক্ষণাবেক্ষণ/সার্ভিসিং (অভ্যন্তরীণ উড়োজাহাজ): NDT, Tools calibration, providing Hangar space.

Malaysia Airlines কে ঢাকায় Transit Certification প্রদান করা হয়েছে।

৮৬৪টি বিদেশি উড়োজাহাজকে টেকনিক্যাল সাপোর্ট, কেবিন ক্লিনিং ও অন্যান্য প্রকৌশল সার্ভিস প্রদান করা হয়েছে।

<u>প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর:</u>

বিমান প্রেস (উৎপাদন): বিমানের নিজস্ব কাজ

ক্র:	বিবরণ	নভেম্বর’২০	ক্র:	বিবরণ	নভেম্বর’২০
০১	ফেইস শিল্ড	৯,২০০	১৪	এটেনডেন্ট রেজিস্টার	৫
০২	Loading Ins. 777-300	৩০ প্যাড	১৫	Unserviceable tag	৩,০০০
০৩	এমটি ডিউটি স্লিপ/পিক আপ স্লিপ	১,০০০ প্যাড	১৬	Serviceable tag	৫,০০০
০৪	হেলথ্ কার্ড	৭০,০০০	১৭	কার্গো ডেলিভারি রেজিস্ট্রার	৮৮ বই
০৫	বিএটিসি ফরম ১৪৭/সিই-০০২	২,০০০	১৮	Disposable safety card	২৫,০০০
০৬	বিএটিসি পরীক্ষা ফরম ১৪৭/সিই-০২	২,০০০	১৯	এমটি জব কার্ড	৫০ প্যাড
০৭	বিএটিসি পরীক্ষা ফরম ১৪৭/সিই-০০৫	১,০০০	২০	সিকিউরিটি আইডি ফরম(স্থায়ী)	৩,০০০
০৮	ভিআইপি ট্যাগ	২,০০০	২১	সিকিউরিটি আইডি ফরম(অবসর)	১,০০০
০৯	উড়োজাহাজ রক্ষণাবেক্ষণ লগ বই	১৪০ বই	২২	সিকিউরিটি আইডি ফরম(অস্থায়ী)	২০০
১০	সিফট ইন চার্জ লগ বই	৫০ বই	২৩	এমটি লগ বই	৪৫০ প্যাড
১১	জিএসই ডউটি স্লিপ	৫০০ বই	২৪	No mask No entry sticker	১,৫০০
১২	সেফটি স্টিকার (২৪ টাই)	১,৭০০	২৫	Blank tag	৩,০০০
১৩	কাউন্টার টোকেন (চট্টগ্রাম)	১০,৮০০	২৬	এমটি ইনজেক্ট স্টিকার	২,০০০

সভায় পরিচালক প্রশাসন জানান, বিমান প্রেসে অনেক ধরনের নতুন ফরম ছাপানোর কাজ চলছে। ৪টি নতুন মেশিন ক্রয় করা হয়েছে। গত মাসে নতুন মেশিন ব্যবহার করে বিমান প্রেসের ২৩ লক্ষ টাকা আয় হয়েছে।

বিমান প্রেস (উৎপাদন): অন্যান্য সংস্থার কাজ

ক্র:	বিবরণ	নভেম্বর'২০
০১	বিটিবি লিফলেট	১,৬৫,০০০

বিমান পোল্ট্রি (উৎপাদন ও বিক্রয়):

বিএফসিসি'তে সরবরাহ:

ক্র:	বিবরণ	নভেম্বর'২০
০১	ড্রেসড় ব্রয়লার মুরগির মাংস	৮০০ কেজি
০২	বোনলেস কিউবকাট মুরগির মাংস	৫,৬৫৪ কেজি
০৩	গরুর মাংশ	১১৭.৫০ কেজি (হাড়সহ) ১,১৬৬ কেজি (হাড়ছাড়া)

সেলস সেন্টারে বিক্রয়ঃ

ক্র:	বিবরণ	নভেম্বর'২০	ক্র:	বিবরণ	নভেম্বর'২০
০১	ড্রেসড় ব্রয়লার মুরগির মাংস	২,৫৭৫ কেজি	০৬	দুধ	১১,৮৩০ লিটার
০২	জীবন্ত ব্রয়লার মুরগি	২২,৭৮৩ কেজি	০৭	গরুর মাংস	৭৩ কেজি
০৩	লেস্টওভার (মুরগি)	৫,৩৫৫ কেজি	০৮	শাকসব্জি ও ফলমুল	৪,৮৩৭ কেজি
০৪	গলাগিলা, কলিজা ও অন্যান্য	৩,২৪৩ কেজি	০৯	মাছ বিক্রয়	৪২২ কেজি
০৫	ডিম	৭,৭,৮৭ টি			

2nd wave of Covid-19

চলমান কোভিড-১৯ এর পরিস্থিতির কারণে সকলের সচেতনতার জন্য বিমান অফিসের বিভিন্ন স্থানে স্টিকার লাগানো হয়েছে। সরকরের নির্দেশনা অনুয়ায়ী বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান, সামাজিক দূরত্ব মেনে চলতে হবে। শীতের সময় কোভিডে আক্রান্ত হওয়ার হার বেশী। তাই এ সময় কোভিডের আচরন বুঝে সতর্ক হয়ে স্বাস্থ্য সুরক্ষার নিয়মকানুন মেনে চলার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়।

ক্র নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	প্রশাসন পরিদপ্তর			
	ক) কোর্ট মামলা ও বিভাগীয় মামলা	নভেম্বর'২০২০ (কোর্ট মামলা) মাসের শুরুতে মামলার সংখ্যা-২৮৩টি	সভায় আইন বিভাগের কর্মকর্তাদের সকল কোর্ট মামলার ক্ষেত্রে প্রক্রিয়াসমূহ সঠিকভাবে ও যথাযথ পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়।	ব্যবস্থাপক আইন বিভাগ

		নতুন মামলা দায়ের- ৫টি নিষ্পত্তি – নাই মোট চলমান মামলা-২৮৮টি দায়েরকৃত ৫টি মামলার মধ্যে ২টি রিট পিটিশন বিমানের গ্রাহক সেবা এবং বিপণন ও বিক্রয় বিভাগের কর্মচারী কর্তৃক দায়েরকৃত, বিষয়টি গ্রুপ-৬ এ পদোন্নতি সংক্রান্ত। ৩টি মামলা বিমান দায়ের করেছে। ভ্যাট সংক্রান্ত উক্ত মামলা ৩টিতে বিমানের পক্ষে স্থগিতাদেশ হয়েছে। নভেম্বর'২০২০ (বিভাগীয় মামলা) মাসের শুরুতে মামলার সংখ্যা- ৫২টি নতুন মামলা -১২টি নিষ্পত্তিকৃত মামলা – ১৮ টি মোট অনিষ্পন্ন মামলা-৪৬টি সভায় পরিচালক প্রশাসন জানান, তদন্ত শাখার কার্যক্রম পূর্ণবিন্যাস করার কারণে কাজের গতি বাড়ায় মামলার নিষ্পত্তির হার বেড়েছে।	সকল মামলা তদন্ত রিপোর্ট যথাসময়ে প্রদান করা ও বিধিমতে মামলাগুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	মহাব্যবস্থাপক প্রশাসন
	থ) ই-নথি ব্যবস্থাপনা	সভায় জানানো হয় গত মাসে ই নথির নেটওয়ার্ক ভালো না থাকায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ডাক ও নথি নিষ্পত্তি করা সম্ভব হয়নি।	যথাসময়ে নথি নিষ্পত্তির জন্য নথি আদান প্রদান না করে প্রয়োজনে পারস্পরিক যোগাযোগ করে নিষ্পত্তি করতে হবে।	সকল পরিচালক/ মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক (সকল)

		ই-নথির উপর প্রাতিষ্ঠানিক ও ভার্চুয়াল প্রশিক্ষণ অব্যাহত আছে।		
	গ) জনবল নিয়োগ	সভায় পরিচালক প্রশাসন জানান, কোভিড পরিস্থিতির কারণে বিভিন্ন ধরনের নিয়োগ কার্যক্রমের লিখিত পরীক্ষা নেয়া সম্ভব হচ্ছে না। তবে এয়ারক্রাফট মেকানিক (বি১/বি২) পদে মৌখিক পরীক্ষা নেয়া হয়েছে। তিনি উল্লেখ করেন, চলতি ২০২০ সালে ১১৭ জন কর্মচারী অবসরে গিয়েছেন। তাই নিয়োগ কার্যক্রম শুরু করা প্রয়োজন।	নিয়োগের সকল পর্যায়ে স্বচ্ছতা ও বিধিসম্মত কার্যক্রম নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়। সরকারি বিভিন্ন দপ্তরে ইতোমধ্যে নিয়োগ কার্যক্রম শুরু হয়েছে। সহকারী ব্যবস্থাপক (জেনারেল), বেতন বিভাগ-৬ষ্ঠ পদে লিখিত পরীক্ষা গ্রহণের ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক প্রশাসন
	ঘ) প্রকল্প ও পূর্ত	সভায় জানানো হয় সিলেটে কনটেইনার ইয়ার্ড নির্মাণ কাজ চলছে, water treatment প্লান্ট এর জন্য (২০’x২০’) কক্ষ তৈরির জন্য ছাদ ঢালাই হয়েছে। জিএসই হ্যাংগারের ২য় তলায় সংস্কার কাজ চলছে। বিএটিসি’র অডিটরিয়াম সংস্কার কাজ, পার্কিং এরিয়ার স্পেস বাড়ানোসহ পুরো বিএটিসি সংস্কারের জন্য assessment চলছে।	সকল প্রকার সংস্কার/ নির্মাণ কাজ যথাসময়ে সর্তকতার সাথে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। বিএটিসি’র সামনের গাছগুলো যেন কেটে ফেলতে না হয় সে দিকে খেয়াল রাখতে হবে।	মহাব্যবস্থাপক প্রকল্প ও পূর্ত
	ঙ) দাপ্তরিক পোষাক পরিধান	সভায় ব্যবস্থাপনা পরিচালক জানান, এখনো কিছু কেবিন ক্রু ও এয়ারপোর্ট এরিয়ায় ডিউটিরত অনেকেই দাপ্তরিক পোষাক পরিবর্তন পরিবর্ধন	১) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীকে যথাযথ দাপ্তরিক পোষাক পরিধান করতে হবে। ২) সকল বিভাগ/শাখাকে সেফটি সু’র সংখ্যা ও সাইজ প্রকিউরমেন্ট বিভাগে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট পরিচালক/ ইউনিফর্ম কমিটি

		করে পরিধান করছেন। অনেক বিভাগ/শাখা সেফটি সু'র জন্য পরিমান ও সাইজ প্রকিউরমেন্ট বিভাগে এখনো প্রেরণ করেননি। তাছাড়া Luminous Jacket এর রং পদবী ও কর্মস্থলভিত্তিক নির্ধারনের কাজ চলছে।	৩) কর্মকর্তা /কর্মচারীদের Luminous Jacket এর রং পদবী ও কর্মস্থলভিত্তিক নির্দিষ্ট করতে হবে।	
	চ) Data Protection Officer (DPO) এর কার্যক্রম	সভায় DPO জানান, বিপণন ও বিক্রয়, গ্রাহক সেবা এবং আইটি বিভাগ থেকে ১ জন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারন করতে হবে। এছাড়া এসব বিভাগ থেকে ২/৩ জন করে কর্মকর্তা/কর্মচারীকে Data Protection Impact Analysis(DPIA) এর উপর প্রশিক্ষণ প্রদান করা হবে। ওয়েব সাইট, জিডিএস ও কর্মচারীদের সাথে এনডিএ চুক্তির খসড়া কপি অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে।	ডিসেম্বর'২০ মাসের মধ্যে জিডিএস সহ বাহিরের সংস্থার সাথে চুক্তি সম্পন্ন করতে হবে। নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণের সময় কর্মচারীদের সাথে চুক্তি করতে হবে।	এ.বি .এম নজমুল হুদা, উপ-মহাব্যবস্থাপক প্রশিক্ষণ (আই এন্ড আরআর) এবং DPO
	ছ) সার্ভিস রুল সংশোধন	সভায় পরিচালক প্রশাসন জানান, অদ্য বিকাল ৪:০০ টায় বোর্ড সাব-কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় খসড়া সার্ভিস রুল চূড়ান্ত করার লক্ষ্যে উপস্থাপন করা হবে।	সার্ভিস রুল সংক্রান্ত বোর্ড সাব-কমিটির সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।	প্রশাসন পরিদপ্তর / কোম্পানি সেক্রেটারি
	জ) প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা সংশোধন	সভায় জানানো হয়, প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা সংশোধনের লক্ষ্যে খসড়া তৈরি করা হয়েছে। ২/১টি সভা	প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা সংশোধনের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যাদি সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।	প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা সংশোধন সংক্রান্ত সংশ্লিষ্ট কমিটি

		করলেই চূড়ান্ত করা সম্ভব হবে।		
	ঝ) মানব সম্পদ পরিকল্পনা নীতিমালা প্রণয়ন আধুনিক কর্মসম্পাদন মূল্যায়ন নীতিমালা প্রণয়ন	সভায় জানানো হয়, অধ্যক্ষ বিএটিসি'র সহায়তায় মানব সম্পদ পরিকল্পনা খসড়া নীতিমালা তৈরি করা হয়েছে শীঘ্রই এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হবে। আধুনিক কর্মসম্পাদন মূল্যায়ন নীতিমালা প্রণয়নের লক্ষ্যে একটি খসড়া খসড়া চূড়ান্ত করা হবে। এসব নীতিমালা পর্ষদ উপ-কমিটির সভা ও পরবর্তীতে পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে বিধায় দ্রুততার সাথে কাজ সম্পন্ন করতে হবে।	নির্ধারিত সময়ের মধ্যে খসড়া চূড়ান্ত করার নির্দেশনা প্রদান করা হয়।	সংশ্লিষ্ট কমিটি
	ঞ) যানবাহন বিভাগ	সভায় মহাব্যবস্থাপক যানবাহন জানান, জিএসই বিভাগ থেকে ১টি কোস্টার যানবাহন বিভাগকে সাময়িকভাবে প্রদান করলে ৪টি রুটের কর্মকর্তাদের একত্রে পিক-আপ ও ড্রপ করা সম্ভব হবে। এতে ৪টি মাইক্রোবাস কম ভাড়া নিতে হবে। ফলে বিমানের অনেক আর্থিক সাশ্রয় হবে ও ৪ জন ড্রাইভারের কাজ ১ জনকে দিয়ে করানো যাবে। তিনি আরও জানান, সম্প্রতি অনুমোদিত নতুন রুটে চলাচলের জন্য বিমানের একটি পুরানো বাস modify/renovate করা হচ্ছে। জানুয়ারি'২১ থেকে এটি কর্মচারীদের পিক-	যানবাহন বিভাগকে ১টি কোস্টার সাময়িকভাবে প্রদানের জন্য জিএসই বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। গাড়ি রুটে চলাচলের জন্য প্রয়োজনীয় রুট পারমিট ও অন্যান্য কার্যাদি দ্রুত সম্পন্ন করতে হবে।	যানবাহন বিভাগ/জিএসই বিভাগ

		আপ ড্রপের জন্য রুটে চলবে।		
	ট) IOSA অডিট	সভায় জানানো হয়, পূর্বের ৩৪০০ পদের স্থলে বর্তমানে ৫৪৬৮টি অনুমোদিত পদ রয়েছে। IOSA চাহিদা অনুযায়ী এ সব নতুন সৃষ্টিকৃত পদের Job description বা Job Specification পাওয়া গিয়েছে।	সভা বিষয়টি অবহিত হয়।	সকল পরিদপ্তর/ বিভাগ/শাখা
২	ফ্লাইট অপারেশন্স পরিদপ্তর			
	ক) এএফটিএন চ্যানেল ক্রয়/সংগ্রহ	সভায় মহাব্যবস্থাপক সেন্ট্রাল কন্ট্রোল জানান, ফ্লাইট প্লানিং সিস্টেম প্রদানকারী সংস্হা LIDO, Sabre এবং Nablo এর সাথে যোগাযোগ চলছে। ৩টি সংস্থা presentation দিয়েছে। এটি সংগ্রহের জন্য সঠিক পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। তিনি আরও জানান সিটা বুকিং সিস্টেম থেকে সরে গেলেও অন্যান্য সার্ভিস অব্যাহত রাখবে।	এএফটিএন চ্যানেল ক্রয়/সংগ্রহের কাজে প্রকিউরমেন্ট বিভাগ আরএফপি করবে। তবে টেকনিক্যাল বিষয়গুলি সংশ্লিষ্ট বিভাগ নিশ্চিত করবেন। সিটার সাথে ১৫ আগস্ট’২১ পর্যন্ত চুক্তি থাকায় কমপক্ষে ৬ মাস পূর্বে অর্থাৎ জানুয়ারি’২১ এর মধ্যে সিটাকে termination নোটিশ প্রদান করতে হবে।	চীফ অফ টেকনিক্যাল/মহাব্যবস্থাপক সেন্ট্রাল কন্ট্রোল/ প্রকিউরমেন্ট বিভাগ
	খ)বিমানের উড়োজাহাজের ককপিটে ব্যবহারের জন্য আইপ্যাড ক্রয়	সভায় চীফ অফ টেকনিক্যাল জানান, আইপ্যাড ক্রয় সংক্রান্ত বিষয়ে অ্যাপল এর লোকাল এজেন্ট এর সাথে আলাপ হয়েছে। আগামী ১ সপ্তাহের মধ্যে তারা proposal দিবে। উড়োজাহাজে ব্যবহৃত হবে বিধায় বন্ড আইটেম হিসেবে বাহির থেকে আইপ্যাডগুলো আনা যাবে।	১. আইপ্যাড ক্রয়ের লক্ষ্যে ফ্লাইট অপারেশন বিভাগ ব্যবহারকারী বিভাগ হিসেবে আইটি বিভাগের সাথে পরামর্শ করে স্পেসিফিকেশন নির্ধারণ করে প্রকিউরমেন্ট বিভাগকে অবহিত করবে। ২. প্রকিউরমেন্ট বিভাগ ক্রয়ের প্রক্রিয়া সম্পন্ন করবে।	ফ্লাইট অপারেশন/ সিএমআইএস/ প্রকিউরমেন্ট বিভাগ
	গ) আইপ্যাডের	সভায় চীফ অফ	নতুন ক্রয়কৃত ১০টি আইপ্যাড এর	ফ্লাইট অপারেশন/ প্রকিউরমেন্ট বিভাগ

	একসেসরিস	টেকনিক্যাল জানান, ১০টি আইপ্যাডের একসেসরিস পাওয়া গিয়েছে। নতুন ক্রয়কৃত ১০টি আইপ্যাড এর একসেসরিস এখনো পাওয়া যায়নি।	একসেসরিস ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	ঘ) ফুয়েল ট্যাংকারিং	সভায় জানানো হয়, সংশ্লিষ্ট সকল বিভাগের সাথে সমন্বয় পূর্বক ব্যাংককসহ বিভিন্ন স্টেশন থেকে ফুয়েল ট্যাংকারিং করা হচ্ছে। এর ফলে নভেম্বর'২০ মাসে ৫৭,৫২৩ মা: ডলার সাশ্রয় হয়েছে।	ফুয়েল ট্যাংকারিং এর মাধ্যমে সর্বোচ্চ সাশ্রয় নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগসমূহ নিজেদের মধ্যে সমন্বয় অব্যাহত রাখবে।	প্রকৌশল পরিদপ্তর/ চীফ অফ টেকনিক্যাল / মহাব্যবস্থাপক সেন্ট্রাল কন্ট্রোল
	ঙ) ওয়েব পোর্টালে ফ্লাইট অপারেশন ম্যানুয়াল লাইভকরণ	সভায় ব্যবস্থাপক আইটি জানান, ওয়েব পোর্টাল লাইভে যাওয়ার সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। আগামী ২০ ডিসেম্বরের মধ্যে লাইভে যাওয়া যাবে মর্মে জানান।	সভা বিষয়টি অবহিত হয়।	অপারেশন / সিএমআইএস / কর্পোরেট সেফটি এন্ড কোয়ালিটি
	চ) পিডিএফ রাইটার সফটওয়ার সংগ্রহ	সভায় জানানো হয়, আগামী ১৫/১২/২০২০ থেকে পরীক্ষামূলকভাবে পিডিএফ রাইটার সফটওয়ার ব্যবহারকারীগন entry কার্যক্রম শুরু করবে এবং এ বিষয়ে কয়েকজনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামী ১লা জানুয়ারি'২০ থেকে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করবে।	সফটওয়ারটির ব্যবহারকারীদের সাথে চুক্তি করতে হবে যেন সফটওয়ারটি অন্য কোন কাজে ব্যবহৃত না হয়। বিষয়টি আইটি বিভাগ নিশ্চিত করবে।	অপারেশন ও আইটি বিভাগ
	ছ) ইনভেন্টরি সফটওয়ার তৈরি	সভায় জানানো হয়, যানবাহন ও জিএসই বিভাগের ইনভেন্টরি সফটওয়ার নতুন প্লাটফর্মে তৈরি করা হচ্ছে। আগামী ১৫ ডিসেম্বর '২০ থেকে	যানবাহন ও জিএসই বিভাগের ইনভেন্টরি সফটওয়ার তৈরি নিশ্চিত করতে হবে।	আইটি বিভাগ

		পরীক্ষামুলক কার্যক্রম শুরু করা হবে। ১লা জানুয়ারি'২১ থেকে যানবাহন শাখা পুরোপুরি অটোমেশন করা সম্ভব হবে।		
	জ) দুটো মনিটরসহ উচ্চ ক্ষমতাসম্পন্ন কম্পিউটার ক্রয়	মহাব্যবস্থাপক প্রকিউরমেন্ট জানান, দুটো মনিটরসহ উচ্চ ক্ষমতাসম্পন্ন কম্পিউটার ক্রয়ের জন্য সংশ্লিষ্ট বিভাগ থেকে স্পেসিফিকেশন পাওয়া যায়নি।	দুটো মনিটরসহ উচ্চ ক্ষমতাসম্পন্ন কম্পিউটার ক্রয়ের জন্য সেন্ট্রাল কন্ট্রোল বিভাগ দ্রুত স্পেসিফিকেশন প্রেরণ করবেন।	প্রকিউরমেন্ট/ সেন্ট্রাল কন্ট্রোল
	ঝ) SATCOM ফোন ক্রয়	মহাব্যবস্থাপক সেন্ট্রাল কন্ট্রোল জানান, ১টি SATCOM ফোন ক্রয় করে অপারেশন কন্ট্রোল রুমে প্যারালাল সংযোগ প্রদান করা হলে ব্যবহার করা যাবে।	২টির পরিবর্তে ১টি SATCOM ফোন ক্রয় করে অপারেশন কন্ট্রোল রুমে প্যারালাল সংযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	মহাব্যবস্থাপক, সেন্ট্রাল কন্ট্রোল/প্রকিউরমেন্ট
	ঞ) ফুয়েল ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন	সভায় জানানো হয়, ফুয়েল ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নের জন্য OIT devise প্রয়োজন কিন্তু এটি বাজারে পাওয়া যায়নি। তাছাড়া পাওয়া গেলেও এটি পরীক্ষা করার কোন উপায় থাকে না। তাছাড়া OIT devise এ কাজ করার মত প্রোগ্রামার বিমানে নেই। নিজেরা develop করতে সময় লাগবে।	ফুয়েল ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নে OIT devise তৈরি/ক্রয় করার নির্দেশনা প্রদান করা হয়।	অপারেশন ও আইটি বিভাগ
	ট) ফ্লাইট সুচির সময়ানুবর্তিতা (OTP) বজায় রাখা	সভায় জানানো হয়, নভেম্বর মাসের আন্তর্জাতিক OTP ৮২.৫%, এবং অভ্যন্তরীণ-৭৫%। পরিচালক ফ্লাইট অপারেশন জানান, বহিস্টেশনের স্টেশন ম্যানেজারদের সাথে (OTP)-র উন্নতির জন্য জুম-এ সভা করে নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায়	সংশ্লিষ্ট বিভাগসমূহ বাহিরের স্টেশনগুলো থেকে সময়মত ফ্লাইট departure নিশ্চিত করবেন। কোভিড পরিস্থিতিতে সময় সময় ভ্রমন সংক্রান্ত পরিবর্তিত নিয়মকানুন সমূহ বিভিন্ন স্টেশনে কর্মরত সহ সংশ্লিষ্ট সকলকে জেনে নেয়ার নির্দেশনা প্রদান করা হয়।	পরিচালক, গ্রাহক সেবা /বিক্রয় ও বিপনন/ প্রকৌশল পরিদপ্তর

		ব্যবস্থাপনা পরিচালক জানান রিয়াদ স্টেশন থেকে ফ্লাইট departure সময়মত হচ্ছে না। তিনি আরও জানান, কিছু কিছু স্টেশন থেকে departure অন-টাইম হলেও কিছু স্টেশন থেকে সময়মত না হওয়ায় ফ্লাইট সুচির গড় সময়ানুবর্তিতা (OTP)-র উন্নতি করা সম্ভব হচ্ছে না।		
৩	গ্রাহক সেবা পরিদপ্তর			
	ক) যথাসময়ে চেক-ইন বন্ধ	সভায় জানানো হয়, পূর্বের নিয়মে অভ্যন্তরীণ ফ্লাইট আধা ঘন্টা ও আন্তর্জাতিক ফ্লাইটের কাউন্টার ১ ঘন্টা পূর্বে বন্ধ করা হয়। তবে অনেক যাত্রী বিমানবন্দরে দেরীতে রিপোর্ট করায় এবং ঢাকায় আগত অনেক ট্রানজিট যাত্রী taxable দ্রবাদি নিয়ে আসে। তাদের কাস্টমস সম্পন্ন করতে সময় লাগায় কিছু কানেকটিং অভ্যন্তরীণ ফ্লাইট যথাসময়ে কাউন্টার বন্ধ করা সম্ভব হয়না। অনেক সময় অভ্যন্তরীণ ফ্লাইট ছেড়ে যেতে বিলম্ব ঘটে।	যাত্রীদের নিকট টিকেট বিক্রয়ের সময় যথাসময়ে এয়ারপোর্টে উপস্থিত হওয়া এবং বহিস্টেশন থেকে বাংলাদেশের যে কোন পয়েন্ট পর্যন্ত ব্যাগেজ চার্জ সংশ্লিষ্ট এয়ারপোর্টে গ্রহণ করতে হবে এবং ট্রানজিট যাত্রীদের ট্রানজিট সময় কম হলে taxable দ্রবাদি বহন করার বিষয়ে অবহিত করতে হবে। ট্রানজিট যাত্রীদের ফ্লাইট আগমনের পর আলাদা করে নিয়ে যেতে হবে। ফ্লাইটসমূহের চেক-ইন যথাসময়ে বন্ধ করার নির্দেশনা প্রদান করা হয়।	পরিচালক বিপণন ও বিক্রয়/ গ্রাহক সেবা/ মহাব্যবস্থাপক এয়ারপোর্ট সার্ভিসেস
	খ) যাত্রীদের হ্যান্ড ব্যাগেজ বহন	জেদ্দার স্টেশন ম্যানেজার জানান, যাত্রীরা বোর্ডিং কার্ড গ্রহণের পর ডিউটি ফ্রি শপ থেকে ট্যাং, গুড়োদুধ, গুড়োসাবান কিনে হ্যান্ড ব্যাগেজ হিসেবে ফ্লাইটে নিয়ে যান। এসব আইম সেফটি হ্যাজার্ড হিসেবে এয়ারলাইন্স ম্যানুয়ালে অন্তর্ভুক্ত করলে জেদ্দা এয়ারপোর্ট অথরিটির	ট্যাং, গুড়োদুধ, গুড়োসাবান জাতীয় আইটেমগুলি সেফটি হ্যাজার্ড হিসেবে এয়ারলাইন্স ব্যাগেজ ম্যানুয়াল সংশোধন করার নির্দেশনা প্রদান করা হয়। নিয়মানুযায়ী প্রাপ্ত হান্ড ব্যাগেজ রুল স্টেশন ম্যানেজারগণ যথাযথভাবে অনুসরণ করবেন।	পরিচালক গ্রাহক সেবা/সকল স্টেশন ব্যবস্থাপক

		মাধ্যমে আইটেমগুলি বহন করা বন্ধ করা যাবে।		
	গ) যাত্রীর সন্তুষ্টি পরিমাপ	ব্যবস্থাপক আইটি জানান, নভেম্বর'২০ মাসে ৮৩,৫২৪ জন যাত্রী বিমানে ভ্রমন করেছেন। এর মধ্যে ৫% এর মত যাত্রীর সন্তুষ্টি জানার জন্য মতামত নেয়া হয়েছে। আন্তর্জাতিক: সন্তুষ্টির হার -৯৫%, অসন্তুষ্টি-০.১৬%, মিশ্র প্রতিক্রিয়া-৪.৮৪% এবং অভ্যন্তরীণ: সন্তুষ্টির হার-৯৫%, অসন্তুষ্টি-০%, মিশ্র প্রতিক্রিয়া-১০%। তিনি আরও জানান, ইনফ্লাইটে কেবিন ক্রু কতৃক ডাটা সংগ্রহের হার ভালো কিন্তু ঢাকা বিমানবন্দর ও বিভিন্ন বহিস্টেশনে এয়ারপোর্ট এ ডাটা সংগহের হার অনেক কম। সভায় মহাব্যবস্থাপক প্রশাসন জানান, অন্ততপক্ষে বিমানে ভ্রমণরত ১০% যাত্রীর কাছ থেকে মতামত গ্রহণ করা উচিত।	সভা বিমানে ভ্রমনরত বর্হিগমন/ আগমনী যাত্রীদের মধ্য থেকে আরো অধিক সংখ্যক যাত্রীর নিকট থেকে মতামত গ্রহণের জন্য মহাব্যবস্থাপক এয়ারপোর্ট সার্ভিসকে নির্দেশনা প্রদান করা হয়। ডাটা সংগ্রহের হার বৃদ্ধির লক্ষ্যে দায়িত্বে নিয়োজিত কর্মচারীদের এ কাজে টার্গেট প্রদান করতে হবে।	মহাব্যবস্থাপক এয়ারপোর্ট সার্ভিস/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী, কেবিন ক্রু
	ঘ) ক্রু সিডিউলিং অটোমেশন	সভায় পরিচালক ফ্লাইট অপারেশন জানান, কেবিন ক্রু সিডিউলিং অটোমেশন শুরু করা হয়েছে। আগামী ১লা জানুয়ারি'২১ থেকে পুরোপুরি অটোমেশন হবে। মহাব্যবস্থাপক গ্রাহক সেবা জানান সফটওয়ারের নতুন ভার্সনে সমস্যা হলে চিহ্নিত করতে সিডিউল বিভাগকে নির্দেশ দেয়া হয়েছে।	সফটওয়ারের সঠিক ব্যবহার করার লক্ষ্যে ফ্লাইট সার্ভিস সিডিউলিং আগামী ২০ ডিসেম্বরের মধ্যে পুরোপুরি অটোমেশন করার নির্দেশ প্রদান করা হয়। অন্যথায় ফ্লাইট সার্ভিস সিডিউলিং বিভাগের সিডিউলারদের অন্য সেকশনে বদলী করার নির্দেশনা প্রদান করা হয়।	ফ্লাইট অপারেশন/ ফ্লাইট সার্ভিস বিভাগ

		কেবিন ক্রু সিডিউলিং এখনো পুরোপুরি অটোমেশন না হওয়ায় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয় সভায় অসন্তোষ প্রকাশ করেন।		
	ঙ) ট্রানজিট যাত্রী	কুয়ালালামপুর থেকে একজন ভারতীয় ট্রানজিট যাত্রী ঢাকায় এসে ৫/৬দিন যাবৎ বিমানবন্দরে অবস্থান করা এবং সিলেট থেকে ৫/১১/২০ তারিখে মাস্কাটগামী ২ জন যাত্রী ঢাকায় এসে অফলোড হওয়ার বিষয়টি তদন্ত চলছে।	সভা বিষয়টি অবহিত হয়।	পরিচালক বিপণন ও বিক্রয়/ গ্রাহক সেবা
	চ) জিএসই	ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের এক প্রশ্নের জবাবে মহাব্যবস্থাপক জিএসই জানান, ঢাকায় ছোট-বড় ৭টি বাস রয়েছে। এর মধ্যে ৬টি serviceable ও গত মে ‘২০ মাসে ১টির পিছনের কাঁচ ভেঙ্গে যাওয়ায় রিপেয়ারের জন্য গ্লাস সংগ্রহ করা হয়েছে। কো-বাস কোম্পানি থেকে গ্লাস ফিটিং এর লোক এসে এটি লাগিয়ে দিবে। সভায় পরিচালক ও সিইও মহোদয় জানান সিলেটে জিএসই’র একটি বাস পরিত্যক্ত অবস্থায় খাদের পাশে পড়ে আছে।	জিএসই’র ইকুইপমেন্টসমূহ যথাযথ রক্ষণাবেক্ষণ না হওয়ায় সভা অসন্তোষ প্রকাশ করেন। ইকুইপমেন্টসমূহের নিয়মিত রক্ষণাবেক্ষণের নির্দেশনা প্রদান করা হয়। সিলেটে জিএসই’র বাসটি মেরামত করে ব্যবহার করা না গেলে BER করার নির্দেশনা প্রদান করা হয়।	জিএসই বিভাগ
৪	প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর			
	ক) বিভিন্ন স্টেশনারি আইটেম ক্রয়	সভায় জানানো হয়, স্টেশনারি ক্রয় সংক্রান্ত ৩৮ ধরনের আইটেমের মধ্যে ১১টি আইটেমের ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। ১১টি আইটেম মূল্যায়নের জন্য	প্রতিটি পরিদপ্তর/বিভাগ মাসিক ভিত্তিতে স্টেশনারির চাহিদা প্রদান করবে। সকল বিভাগে স্টেশনারির তালিকা দিয়ে জানাতে হবে এর বাইরে কোন আইটেমের চাহিদা প্রদান করা যাবে না। সকল প্রক্রিয়া দ্রুততার সাথে সম্পন্ন করে স্টেশনারি সরবরাহ করতে হবে।	মহাব্যস্থাপক ক্রয়

		সিপিসি'তে পাঠানো হয়েছে। বাকী ১৬টি আইটেমের standardization করা হচ্ছে।		
	খ) প্রিন্টারের রিবন ক্রয়	সভায় জানানো হয়, বিমানের বিভিন্ন বিভাগে বিভিন্ন মডেলের প্রিন্টারের কার্টিজ ব্যবহৃত হয়। তাছাড়া পুরাতন প্রিন্টারের রিবন বাজারে পাওয়া যায়না। ভালো মানের রিবন ক্রয় করা না হলে প্রিন্টার নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে।	প্রিন্টারের রিবন ২/১ টি মডেলের বেশি হতে পারবে না। সেই অনুযায়ী প্রিন্টারও একই মডেলের ক্রয় করতে হবে। আইটি বিভাগ বিষয়টি নিশ্চিত করবে।	প্রকিউরমেন্ট বিভাগ/আইটি বিভাগ
	গ) বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	সভায় মহাব্যবস্থাপক ক্রয় জানান, বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট ক্রয়তব্য দ্রব্যের তালিকা ও ক্রয় পরিকল্পনা চাওয়া হয়েছে। এখনও কিছু বিভাগ/শাখার কাছ থেকে ক্রয় পরিকল্পনা পাওয়া যায়নি।	যে সব বিভাগ/শাখা এখনও ক্রয় পরিকল্পনা প্রদান করেননি তারা আগামী ১৭/১২/২০২০ তারিখের মধ্যে প্রকিউরমেন্ট বিভাগে প্রেরণ করবেন।	সকল পরিদপ্তর/ মহাব্যস্থাপক ক্রয়
	ঘ) ক্রয় নীতিমালা সংশোধন	সভায় মহাব্যবস্থাপক ক্রয় জানান, ক্রয় নীতিমালা সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে।	আগামী সভায় সংশোধিত ক্রয় নীতিমালা উপস্থাপন করতে হবে।	মহাব্যস্থাপক ক্রয়
৫	বিপণন ও বিক্রয় পরিদপ্তর			
	ক) আন্তর্জাতিক নেটওয়ার্ক সম্প্রসারণ	সভায় জানানো হয়, কোভিড পরিস্থিতিতে নেটওয়ার্ক সম্প্রসারণ করা সম্ভব হয়নি। পরিস্থিতির উন্নতি হলে ক্যান্টন, নারিতা-এ ফ্লাইট পরিচালনা শুরু করা হবে এবং ভারতে ভিজিট ভিসা ও মেডিকেল এ্যাটেনডেন্ট ভিসা চালু হলে চেন্নাই এ ফ্লাইট পরিচালনা শুরু	আন্তর্জাতিক বিভিন্ন রুটে নেটওয়ার্ক সম্প্রসারণ এর কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বিপণন ও বিক্রয় পরিদপ্তর/ সেন্ট্রাল কন্ট্রোল

		করা হবে। এছাড়া ড্যাস-৮ উড়োজাহাজ বহরে যুক্ত হলে রুট ও ফ্রিকোয়েন্সি বাড়ানো হবে।		
	খ) অভ্যন্তরীণ রুটে সাপ্তাহিক ফ্রিকোয়েন্সি বৃদ্ধি	সভায় জানানো হয়, ড্যাস-৮ উড়োজাহাজগুলি বহরে যুক্ত হলে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে ফ্লাইট চালু ও ফ্লাইট সংখ্যা বাড়ানো যেতে পারে। যশোর-চট্টগ্রাম রুটে ফ্লাইট চালানো বিষয়ে সমীক্ষা চলছে। সিলেট-কক্সবাজার রুটে যাত্রীদের মাঝে ভালো সাড়া পাওয়া গেছে। সভায় পরিচালক পরিকল্পনা জানান, মার্চ'২১ এর মধ্যে ড্যাস-৮ উড়োজাহাজগুলি বহরে যুক্ত হবে। এ সময়কে টার্গেট করে ফ্লাইট পরিচালনা বাড়ানোর বিষয়ে আগাতে হবে।	অভ্যন্তরীণ ও আঞ্চলিক রুটে ফ্লাইট চালু ও বৃদ্ধির বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	বিপণন ও বিক্রয় পরিদপ্তর/ সেন্ট্রাল কন্ট্রোল
	গ) কেবিন ফ্যাক্টর	সভায় জানানো হয়, নভেম্বর'২০ মাসে আন্তর্জাতিক রুটে গড় কেবিন ফ্যাক্টর-৬৫.৬০% এবং অভ্যন্তরীণ রুটে-৫০%।	কেবিন ফ্যাক্টর বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল হতে হবে।	বিপণন ও বিক্রয় পরিদপ্তর
	ঘ) বিএটিসি ও কল সেন্টারের অফিস টাইমিং	সভায় মহাব্যবস্থাপক প্রশাসন জানান, বিএটিসি'র অফিস টাইমিং সকাল ৭:৩০ থেকে শুরু হয় এবং কল সেন্টারের কর্মচারীরা ৭ ঘন্টা ডিউটি করে থাকেন। এতে উক্ত শাখার কর্মচারীদের পিক-আপ ড্রপের জন্য আলাদা গাড়ি প্রদান করতে হয়।	পরিচালক বিপণন ও বিক্রয় কল সেন্টারের অফিস টাইমিং ৮ ঘন্টা করার ব্যবস্থা গ্রহণ করবেন।	বিপণন ও বিক্রয় পরিদপ্তর
	ঙ) কল সেন্টারের	সভায় পরিচালক ও	কল সেন্টারের জন্য ভালো ব্রান্ডের	প্রকিউরমেন্ট বিভাগ

	জন্য ১০টি মোবাইল সেট ক্রয়	সিইও মহোদয় জানান, হুয়াই কোম্পানির মোবাইল সেটগুলি ভালো মানের। ব্যাটারির longibity ভালো বিধায় চার্জের সমস্যা কম হবে। সেটগুলি সরাসরি কিনে নেয়া যেতে পারে।	১০টি মোবাইল সেট সরাসরি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	চ) মার্কেটিং কার্যক্রম	সভা বিমানের বর্তমান মার্কেটিং কার্যক্রম সম্পর্কে অবহিত হতে চান। পরিচালক বিপণন ও বিক্রয় জানান মার্কেটিং কার্যক্রম বাড়ানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	পরিচালক বিপণন ও বিক্রয় বিমানের অন্যান্য পরিচালকদের সাথে সভা করে মার্কেটিং কার্যক্রম বাড়ানোর উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়।	বিপণন ও বিক্রয় পরিদপ্তর
৬	পরিকল্পনা ও প্রশিক্ষণ পরিদপ্তর			
	ক) ACMI ও Dry Lease নীতিমালা	সভায় পরিচালক পরিকল্পনা জানান ACMI Lease নীতিমালা প্রকাশিত হয়েছে। Dry Lease নীতিমালা চূড়ান্তকরণের কাজ চলছে। তিনি আরও জানান এসব নীতিমালা ওয়েবসাইটে আপলোড করা হলে অন্য কেউ এর থেকে সুবিধা নিতে পারে।	ACMI ও Dry Lease এর অনুমোদিত নীতিমালা/পলিসি আছে এ বিষয়ে একটি সংক্ষিপ্ত ব্রীফ ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করা হয়।	পরিকল্পনা পরিদপ্তর/ আইটি বিভাগ
	খ) প্রশিক্ষণ কার্যক্রম	সভায় পরিচালক পরিকল্পনা জানান, বিভিন্ন বিভাগ থেকে প্রশিক্ষণের তালিকা পাওয়া গিয়েছে। প্রশিক্ষণ সংক্রান্ত প্রোগ্রাম ডেভেলপ করা হয়েছে। সভায় অধ্যক্ষ বিএটিসি জানান, আগামী বছরের ট্রেনিং ক্যালেন্ডার তৈরি করা দরকার। CAAB, EASA এবং Insurance	ট্রেনিং ক্যালেন্ডার আগামী ১ সপ্তাহের মধ্যে তৈরি করা পাশাপাশি বার্ষিক প্রতিবেদনও প্রস্তুত করার নির্দেশনা প্রদান করা।	সকল পরিদপ্তর/ বিভাগ অধ্যক্ষ বিএটিসি

		Company'র জন্য ট্রেনিং ক্যালেন্ডার প্রয়োজন এবং বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা দরকার।		
	গ) বিএটিসি'র জন্য আসবাবপত্র ক্রয়	সভায় অধ্যক্ষ বিএটিসি জানান, বিএটিসি'র শ্রেণিকক্ষ এবং প্রশিক্ষকদের বসার জন্য প্রয়োজনীয় সংখ্যক ভালো মানের চেয়ার, টেবিল ক্রয় করা প্রয়োজন।	বিএটিসি'র শ্রেণিকক্ষ এবং প্রশিক্ষকদের বসার জন্য প্রয়োজনীয় সংখ্যক ভালো মানের চেয়ার, টেবিল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	বিএটিসি/প্রকল্প ও পূর্ত
	ঘ) বি-১/বি-২ লাইসেন্স	সভায় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জানান, অনেক এয়ারলাইন্সে বি-১/ বি-২ লাইসেন্সধারী একই ব্যক্তি কিন্তু বিমানে ২ লাইসেন্সের ২ জনকে দিয়ে কাজ করানো হচ্ছে। এতে সময় ও জনবল বেশি লাগছে। তাছাড়া অনেকেই এ লাইসেন্স নিতে গিয়ে পরীক্ষায় ফেল করছেন।	নতুন যাদেরকে উক্ত পদে নিয়োগ করা হচ্ছে তাদেরকে বি-১/বি-২ উভয় প্রকার লাইসেন্সধারী হিসেবে গড়ে তোলার নির্দেশনা প্রদান করা হয়।	পরিচালক প্রকৌশল
৭	অর্থ পরিদপ্তর			
	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের অগ্রগতি	সভায় জানানো হয়, জুলাই-নভেম্বর'২০ মাস সময়ে ৫৫৪টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। ১৬৬৬টি অডিট আপত্তির জবাব প্রদান করা হয়েছে। ১১২টি অডিট আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে। নভেম্বর '২০ মাসে নতুন করে ১৭টি আপত্তি যোগ হয়েছে।	অডিট আপত্তিসমূহ যথাসময়ে নিষ্পত্তি/ মিমাংসার উদ্যোগ গ্রহণ করতে হবে।	অর্থ পরিদপ্তর
৮	ব্যবস্থাপনা পরিচালক ও সিইও'র অধীনস্থ অফিসসমূহ			
	ক) ডায়েরি ও ক্যালেন্ডার মুদ্রণ	সভায় জানানো হয় ২০২১ সালের ক্যালেন্ডার মুদ্রণের কাজ চলছে। আগামী সপ্তাহে বিতরণ শুরু করা হবে। ডায়েরির জন্য টেন্ডার খোলা	সিপিসি সভা আয়োজনের পরিমাণ বাড়ানোর নির্দেশনা প্রদান করা হয়।	মুদ্রণ ও প্রকাশনা/ জনসংযোগ বিভাগ

		হয়েছে, TEC সম্পন্ন হয়েছে এবং সিপিসি'তে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।		
	খ)এসএমএস (SMS) প্রশিক্ষণ	সভায় মহাব্যবস্থাপক সিএসকিউ জানান, এ পর্যন্ত ৯৫ জন ব্যতীত সকলের SMS সম্পর্কিত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণ প্রদানের হার- ৯৭.৭%। প্রকৌশল রক্ষণাবেক্ষণ বিভাগে-৩৯ জন, গ্রাউন্ড হ্যান্ডলিং বিভাগে ১৯ বাকী আছেন। তবে কিছু কর্মচারী ছুটিতে ও অসুস্থ থাকায় এই মুহূর্তে তাদের প্রশিক্ষণ প্রদান সম্ভব হচ্ছে না।	SMS প্রশিক্ষণের সময় পরবর্তী প্রশিক্ষণের তারিখ প্রশিক্ষণার্থীকে জানিয়ে দেয়ার নির্দেশনা প্রদান করা হয়।	সকল পরিদপ্তর/ বিভাগ মহাব্যবস্থাপক CSQ
	গ) পরিদপ্তরভিত্তিক স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) যুগোপযোগী করা	সভায় জানানো হয়, পরিদপ্তরভিত্তিক স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) জমা দেয়ার জন্য নির্দেশনা প্রদান কারা হলেও কয়েকটি বিভাগ/ শাখা জমা দিয়েছে। অনেকেই জমা দেননি।	প্রতিটি পরিদপ্তর/বিভাগ তাদের স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) আগামী ১ সপ্তাহের মধ্যে জমা দেয়ার নির্দেশনা প্রদান করা হয়।	সকল পরিদপ্তর/ বিভাগ
	ঘ) এয়ারক্রাফট এক্সিডেন্ট এবং ইনসিডেন্ট এন্ড ইনভেস্টিগেশন ট্রেনিং	সভায় জানানো হয়, এয়ারক্রাফট এক্সিডেন্ট এবং ইনসিডেন্ট এন্ড ইনভেস্টিগেশন এর বিমান বাহিনীর প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ করা যেতে পারে।	এয়ারক্রাফট এক্সিডেন্ট এবং ইনসিডেন্ট এন্ড ইনভেস্টিগেশন ট্রেনিং বিমান বাহিনীর প্রশিক্ষণ কেন্দ্রের সাথে যোগাযোগ করে প্রশিক্ষণ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	পরিচালক পরিকল্পনা/ চীফ অফ সেফটি/ অধ্যক্ষ বিএটিসি
	ঙ) সেফটি এন্ড কোয়ালিটি অডিট ইন্সপেকশন	সভায় জানানো হয় পরিকল্পনা অনুযায়ী সেফটি এন্ড কোয়ালিটি অডিট ইন্সপেকশন করা হয়েছে। নভেম্বর'২০ মাসে ৫টি এবং চলতি মাসে এ পর্যন্ত ১টি অডিট করা হয়েছে। ৩টি অডিট বাকী রয়েছে।	সেফটি এন্ড কোয়ালিটি অডিট ইন্সপেকশন এর প্ল্যান অনুযায়ী ক্রমান্বয়ে প্রতিটি বিভাগে অডিট করতে হবে।	মহাব্যবস্থাপক সিএসকিউ
	চ) বিভিন্ন চুক্তির কপি	সভায় ব্যবস্থাপক	প্রেরণকৃত তালিকার সাথে আর্থিক	সকল পরিদপ্তর /বিভাগ

	ও সফটওয়ারের তালিকা সম্পাদন	আইন বিষয়ক জানান, অনেক বিভাগ চুক্তির তালিকা পাঠিয়েছেন যার মধ্যে প্রকৌশল পরিদপ্তর, নিরাপত্তা, রুট এন্ড ফুয়েল, যোগাযোগ, প্রকল্প ও পূর্ত এবং আইটি বিভাগ থেকে ই-মেইলে কিছু চুক্তির তালিকা আইন বিভাগে প্রেরণ করা হয়েছে।	সংশ্লেষ এবং সফটওয়ার বাস্তবায়ন আপডেট যুক্ত করে তালিকা/চুক্তির কপি প্রেরণ করতে হবে।	
	ছ) এয়ার সাইড কর্মীদের ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম প্রদান	সভায় উপ-মহাব্যবস্থাপক নিরাপত্তা জানান ৩৫০ টি Luminous jacket এর মধ্যে ১০০টি পাওয়া গেছে। ২৫০টি ধাপে ধাপে পাওয়া যাবে। সম্প্রতি একটি চুরির ঘটনা উল্লেখ পূর্বক কার্গো বিভাগের মালামাল রাখার ষ্টোং রুম গুলি ফলস্ ছাদ এ গ্রীল লাগানোর জন্য তিনি অনুরোধ জানান।	প্রকল্প ও পূর্ত বিভাগ কার্গো বিভাগের মালামাল রাখার ষ্টোং রুম গুলির ফলস্ ছাদ এ গ্রীল লাগানোর বিষয়ে estimate করবে। চুরি বা অন্য কোন দূর্ঘটনা সংগঠিত হওয়ার সাথে সাথে থানায় মামলা দায়ের বা যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নিরাপত্তা বিভাগ

১। কোলকাতার স্টেশন ব্যবস্থাপক জানান, শীতকালীন সিডিউলে কুয়াশার কারনে অনেক ফ্লাইট divert হয়ে কোলকাতায় অবতরণ করে। ফ্লাইটগুলে সাধারণত রিয়াদ, দাম্মাম, দুবাই ও কুয়ালালামপুর থেকে ঢাকায় অবতরণের জন্য আসা। ফ্লাইট প্রতি ১৩/১৪ হাজার মার্কিন ডলার খরচ অর্ন্তভূক্ত হয়। তিনি এসব ফ্লাইটের শীতকালীন সময়সূচি পরিবর্তনের অনুরোধ জানান।
সিদ্ধান্ত : মহাব্যবস্থাপক সেন্ট্রাল কন্ট্রোল সময়সূচি পরিবর্তনের ব্যবস্থা নিবেন।

২। বরিশালের স্টেশন ব্যবস্থাপক জানান, এখানকার স্থানীয় লোকজন ঢাকা-বরিশাল-ঢাকা রুটে ফ্লাইট পরিচালনা করার বিষয়ে জানতে চান।
সিদ্ধান্ত : কোভিড পরিস্থিতি উন্নতি হলে ও যাত্রী চাহিদা বিবেচনায় রুটটি চালু করা যেতে পারে।

৩। কক্সবাজারের জেলা ব্যবস্থাপক জানান কক্সবাজার ট্রাভেলসসহ আরও ২/১টি এজেন্সী IATA approval পেয়েছে। এসব এজেন্সীকে লিংক প্রদান করা প্রয়োজন।
সিদ্ধান্ত : পরিচালক বিপণন ও বিক্রয়'কে বিষয়টি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।

৪। সৈয়দপুরের স্টেশন ম্যানেজার জানান, সৈয়দপুরের অধিকাংশ যাত্রী রংপুরের। যাত্রীদের জন্য রংপুর থেকে সৈয়দপুর বিমানবন্দরে বিমানের গাড়ি প্রদান এবং রংপুর শহরে একটি অফিস নেয়া প্রয়োজন। কারণ হিসেবে তিনি জানান অন্যান্য বেসরকারি এয়ারলাইন্সের অফিস রংপুর শহরে রয়েছে।

৫। রাজশাহীর স্টেশন ব্যবস্থাপক জানান, রাজশাহীতে অবস্থিত ট্রাভেল এজেন্সীর মালিকরা ফ্লাইট চালানোর দাবী জানান। ব্যবসা না থাকায় তারা অফিস ভাড়া, কর্মচারীদের বেতন প্রদান করতে পারছে না।
সিদ্ধান্ত : কোভিড পরিস্থিতি উন্নতি হলে রুটটি চালু করা যেতে পারে।

৬। সিংগাপুরের কান্ট্রি ম্যানেজার জানান, সিংগাপুরে কোভিড আক্রান্তের হার শূণ্যের কাছাকাছি। সিংগাপুর-ঢাকা রুটে যাত্রীদের কোভিড পরীক্ষা বাধ্যতামূলক হওয়ায় প্রতি ফ্লাইটে যাত্রী অফলোড করতে হচ্ছে। এখানে কোভিড পরীক্ষা করাতে ২০০ সিংগাপুরি ডলার খরচ হয় যা লেবার শ্রেণির যাত্রীদের জন্য প্রদান করা কষ্টকর। তিনি CAAB থেকে waiver গ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জানান বাংলাদেশের স্বাস্থ্য বিভাগের নির্দেশনা অনুযায়ী CAAB বিদেশ থেকে আগত যাত্রীদের কোভিড পরীক্ষা বাধ্যতামূলক করেছে।
সিদ্ধান্ত : আগামী ২ সপ্তাহ সিংগাপুরের কোভিড আক্রান্তের ডাটা সংগ্রহ পূর্বক প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

৭। জেদ্দার স্টেশন ব্যবস্থাপক জানান, জুলাই মাস থেকে জেদ্দা স্টেশনের excess baggage collection কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। কিন্তু এখানকার জিএসএ excess baggage খাতের আয় তাদের একাউন্টে জমা করছে। পরবর্তীতে তাদের পাওনা থেকে এ অর্থ সমন্বয় করছে, অবশিষ্ট অর্থ বিমানের হিসাবে জমা না দিয়ে তাদের হিসাবে রাখছে। বর্তমানে বিমানের কয়েক কোটি টাকা জিএসএ'র একাউন্টে আছে। তিনি এজন্য বিমানের নিকট তাদের অমিমাংশিত পাওনার কারণে এ কাজ করছে বলে জানান। তিনি আরও জানান, পেমেন্ট সময়মত না হওয়ার কথাও উল্লেখ করেন। মহাব্যবস্থাপক রেভিনিউ জানান, user department হিসেবে স্টেশন ম্যানেজারই বিল প্রত্যয়ন করে থাকেন। তিনি তাদের বিল কম পাওয়ার বা rejection এর বিষয়টি অবহিত করবেন।
সিদ্ধান্ত :
যাদের কাছ থেকে সার্ভিস নেয়া হয়, বছর শেষে দেনা পাওনা সম্পর্কে তাদের কাছ থেকে এ বিষয়ে প্রত্যয়ন করে নিতে হবে। প্রয়োজনা অনুযায়ী চুক্তিনামা সংশোধন করবেন। বিমানের যে সব স্টেশনে এ ধরনের সমস্যা আছে সে সব বিষয় কান্ট্রি ম্যানেজার/স্টেশন ম্যানেজার/ফাইন্যান্স ম্যানেজার তা বিমানের প্রধান কার্যালয়কে অবহিত করবেন।

<u>ব্যবস্থাপনা পরিচালক ও সিইও'র বক্তব্য :</u>

সভায় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জানান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রণোদনা প্যাকেজের 'ঋণ হিসেবে প্রাপ্ত ১০০০ কোটি দিয়ে টাকা আগামী ডিসেম্বর'২০ মাস পর্যন্ত চলবে। আগামী জুন'২১ পর্যন্ত আরও প্রায় ১২০০ কোটি টাকা 'ঋণ প্রয়োজন। উড়োজাহাজ ক্রয়ের লোনের কিস্তি, উড়োজাহাজের লীজের টাকা পরিশোধ, প্রকৌশল বিভাগের রক্ষণাবেক্ষণ ও অন্যান্য খরচ বাবদ মাসে প্রায় ২২০ কোটি টাকা খরচ হচ্ছে। অনেক বকেয়া negotiation করে কমানো হয়েছে। বিশেষ অনুমতি নিয়ে শুধুমাত্র সৌদী আরবের বিভিন্ন গন্তব্যে পুরো কাপাসিটির যাত্রী পরিবহণ হচ্ছে। কুয়ালালামপুর, সিংগাপুর রুটে একদিক দিক ফাঁকা যাচ্ছে। অপারেটিং লস হচ্ছে। তিনি আরও জানান এভিয়েশন সেক্টর ঝুঁকির মধ্যে আছে। অনেক এয়ারলাইন্স লে অফ হয়ে গেছে। অনেক এয়ারলাইন্স তাদের কর্মী ছাটাই করেছে। অনেক এয়ারলাইন্স কর্মীদের বেতন দিতে পারছে না। অনেকেই সামাজিক যোগাযোগ মাধ্যমে লেখালেখি করছেন যা তথ্যনির্ভর নয় এবং এতে সংস্থার ক্ষতি হচ্ছে। জুলাই থেকে নভেম্বর'২০ পর্যন্ত ১৫০০ কোটি টাকার মত ক্যাপাসিটি লস হয়েছে। পে গ্রুপ-৩(২) পর্যন্ত পূর্ণ বেতন দেওয়া হচ্ছে। কোভিডের 2^{nd} wave শুরু হওয়ায় সংস্থার আয়ও বাড়ছে না। তাই জুন'২১ পর্যন্ত চলার জন্য অবশ্যই লোন প্রয়োজন হবে। সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার থাকার আহ্বান জানান।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মোকাব্বির হোসেন
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও

স্মারক নম্বর: ৩০.৩৪.০০০০.০৮২.৩২.০০১.২০.২৮
তারিখ: ৭ পৌষ ১৪২৭
২২ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সকল পরিচালক ও সমমর্যাদা
২) সকল মহাব্যবস্থাপক ও সম-পদ মর্যাদা
৩) সকল উপ-মহাব্যবস্থাপক ও সমপদ মর্যাদা
৪) সকল ব্যবস্থাপক ও সমপদ মর্যাদা
৫) সকল কান্ট্রি ম্যানেজার
৬) জেলা ব্যবস্থাপক, রাজশাহী/সৈয়দপুর/বরিশাল/কক্সবাজার/সিলেট/চট্টগ্রাম

৭) সকল স্টেশন ব্যবস্থাপক
৮) ইনচার্জ সকল এডমিন সেল



মোঃ মোকাব্বির হোসেন
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও